west bengal
land & land reforms
officers' association

পশ্চিমবঙ্গ
ভূমি ও ভূমি সংস্কার
আধিকারিক সমিতি

(Registered under the Societies Registration Act, XXVI 1961)

Regd. Office : 238, MANICKTALA MAIN ROAD, FLAT NO. 10, KOLKATA-700 054
Central Office : 7/1, KALIBARI ROAD, DUM DUM, KOLKATA-700 030
Website : www.wbllroa.in

---

**Ref : 61 / WBLLROA / 2024-25** Date : Kolkata, 16th January, 2026

**মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে খোলা চিঠি**

**মাননীয়া মুখ্যমন্ত্রী,**
**পশ্চিমবঙ্গ সরকার**

**বিষয়: ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের আধিকারিকদের বঞ্চনা ও প্রতিহিংসামূলক বদলি নিয়ে আপনার দৃষ্টি আকর্ষণ ও সমাধানের আবেদন।**

**মাননীয়া,**

পশ্চিমবঙ্গ ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক সমিতি বিগত ৪৫ বছরের অধিককাল এই দপ্তরের ক্যাডারের স্বার্থে নিয়োজিত এবং বর্তমানে দপ্তরের বৃহত্তম আধিকারিক সমিতি। মাননীয়া মুখ্যমন্ত্রী তথা ভূমি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী হিসেবে ভূমি দপ্তরের কয়েকটি তথ্য এবং বর্তমান সমস্যা নিয়ে আপনার দৃষ্টি আকর্ষণ তথা সুরাহার আশায় এই চিঠি লিখছি।

আপনি বিশেষভাবে অবগত আছেন যে, দীর্ঘ প্রায় ৪০ বছরের দাবিকে মান্যতা দিয়ে আপনার নির্দেশেই বিগত ১১.০২.২০২১-এ ভূমি দপ্তরের বিভাগীয় সার্ভিস গঠনের প্রাথমিক আদেশনামা প্রকাশিত হয়। কিন্তু এরপর দীর্ঘ দু'বছর বিভিন্ন দপ্তরের মধ্যে ফাইল চালাচালির পর ২৯.০৩.২০২৩-এ বিভাগীয় সার্ভিসের রুল প্রকাশিত হয়। ভূমি সংস্কার সার্ভিস গঠনের মাধ্যমে বিভাগীয় আধিকারিকদের দীর্ঘদিনের মর্যাদার দাবি পূরণ হলেও আমলাতান্ত্রিক হস্তক্ষেপের ফলে সূচনা হয় নতুন এক বঞ্চনার।

সর্বমোট ১০৮১ জন SRO-II এবং SRO-I-এর মধ্যে ৭৩৪টি পদ নিয়ে শুরু হয় এই সার্ভিস। এর ফলে ৩৪৭ জন SRO-II সার্ভিসের বাইরে থেকে যান। ফলে WBCS Group C-তে নিযুক্ত Joint BDO বা ACTO-দের ন্যায় WBSLRS Grade-I ভুক্ত রাজস্ব আধিকারিকরা সরাসরি ভূমি সংস্কার সার্ভিসের ফিডার না হয়ে মধ্যবর্তী SRO-II পদে যাওয়ার পুরানো রাস্তাতেই আটকে রয়েছেন। ব্লক স্তরে BL&LRO পদে সার্ভিসভুক্ত অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টররা যেমন আছেন, তেমনি SRO-II-রাও রয়ে গেছেন।

**মূল সমস্যাসমূহ**

সার্ভিসের অন্তর্ভুক্ত আধিকারিকদের এক স্তরে পাঁচ বছরের সময়সীমার বেড়াজালের ফলে উপরের পদে শূন্যতা থাকলেও পদোন্নতি পাচ্ছেন না। বর্তমানে ভূমি সংস্কার সার্ভিসের ৭৩৪টি পদের মধ্যে:

- জয়েন্ট ডিরেক্টর পদে ৫০টি (৬৮%)
- ডেপুটি ডিরেক্টর পদে ৪৮টি (২২%)
- অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর পদে ৪৭টি (১১%)

অর্থাৎ মোট ১৪৭টি শূন্যপদ। আবার ৩৪৭টি SRO-II পদের মধ্যে ৯৪টি (২৭%) শূন্য। সর্বমোট ২৪১টি (২২%) শূন্যপদ নিয়ে দপ্তরের আধিকারিকরা জনগণকে পরিষেবা দিচ্ছেন।এর সাথে যুক্ত রেভিনিউ অফিসার পদে শূন্যপদ পূরণে শিথিলতা।

গত ১৩.১১.২০২৫-এ ডিপার্টমেন্টাল প্রমোশন কমিটিতে পাশ হওয়া RO থেকে SRO-II পদে পদোন্নতি, SRO-II থেকে অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর পদে অ্যাবজর্পশন এবং ডেপুটি ডিরেক্টর থেকে জয়েন্ট ডিরেক্টর পদে পদোন্নতির ফাইল আপনার দপ্তরে প্রেরিত হলেও সেগুলি আশ্চর্যজনকভাবে অনুমোদন না পেয়ে ফিরে এসেছে। ৩১শে ডিসেম্বরের মধ্যে পদোন্নতি না পাওয়ায় এই আধিকারিকরা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন। অপরদিকে ২০১৪ সালে নিযুক্ত রাজস্ব আধিকারিকদের মধ্যে কিছু সংখ্যক ইতিমধ্যে দুটি পদোন্নতি পেয়ে বর্তমানে ডেপুটি ম্যাজিস্ট্রেট হিসাবে কর্মরত আবার কিছু জন একটি পদোন্নতি পেয়ে SRO-II পদে কর্মরত আর বাকিরা গত ডিসেম্বরে পদোন্নতির অপেক্ষায় থাকার পরও বিফল হয়ে হতাশাগ্রস্ত। তিন বছর হতে চললেও সার্ভিসের ক্যাডার শিডিউল এখনো প্রকাশিত হয়নি। ফলে কোন স্তরের আধিকারিক কোন পদে কাজ করবেন তা এখনো অনিশ্চিত, যা সুষ্ঠ প্রশাসনিক গতিশীলতার পরিচায়ক নয়।

দীর্ঘদিন যাবৎ সুষ্ঠ বদলি নীতি প্রণয়নের দাবি যা আমাদের সমিতি করে এসেছে তা ফলপ্রসূ হয়নি। ফলে কর্তৃপক্ষের ইচ্ছাই হয়ে দাঁড়িয়েছে নীতি। সম্প্রতি বেশ কয়েকটি বদলির আদেশে আমাদের সমিতির সদস্যদের দূরবর্তী স্থান থেকে আরো দূরবর্তী স্থানে পাঠানো হয়েছে, অথচ কেউ কেউ দীর্ঘদিন একই জায়গায় রয়েছেন। অতি সম্প্রতি গত ১৩.০১.২০২৬ তারিখে আমাদের সমিতির সভাপতিকেও কোন নিয়ম-নীতির তোয়াক্কা না করে দূরবর্তী স্থানে বদলি করা হয়েছে; যার চাকরি জীবনের মেয়াদ আর মাত্র ৭ মাস। দপ্তরের শীর্ষ আধিকারিকদের কথায় এই বদলির আদেশগুলি নাকি প্রশাসনের সর্বোচ্চ স্তর থেকে দেওয়া হচ্ছে। আমাদের দৃঢ় বিশ্বাস এই নীতিহীন হয়রানি মূলক বদলির আদেশগুলি আপনার অজান্তেই হচ্ছে।

**সমাধানের দাবি**

সাধারণ পদোন্নতি আটকে যাওয়া এবং হঠাৎ যত্রতত্র বদলির ফলে সকল স্তরের আধিকারিকদের মধ্যে হতাশা ও ক্ষোভ পুঞ্জীভূত হয়েছে। দপ্তরের কাজের চাপ, SIR-এর কাজ এবং এই হতাশা সামগ্রিকভাবে আধিকারিকদের কাজের উপর বিপরীত প্রভাব ফেলেছে। আমরা মনে করি নিম্নলিখিত ব্যবস্থাই সমাধানের পথ:

- অবিলম্বে ৩৪৭টি SRO-II পদকে সার্ভিসে অন্তর্ভুক্ত করা
- ক্যাডার শিডিউল প্রকাশ
- সুষ্ঠ বদলি নীতি প্রণয়ন।

তাই বর্তমান সমস্যাগুলির সমাধানের জন্য আপনার হস্তক্ষেপের দাবি জানাই এবং অতি দ্রুত সুষ্ঠ সমাধানের প্রার্থনা করি।

আপনার বিশ্বস্ত,

সুমিত মুখার্জী

**(সুমিত মুখার্জী)**
**সাধারণ সম্পাদক**
**পশ্চিমবঙ্গ ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক সমিতি**
(ইমেইল wbllroa.80@gmail.com , মোবাইল ৮৯০২২৯৬০০৭)